

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭
ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,
বার্তা সম্পাদক


মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি
০৫-১২-২০১৭

আমরা গভীর যত্ননা ও উদ্বেগের সঙ্গে লক্ষ্য করলাম পশ্চিমবঙ্গের বিভিন্ন ট্রেজারি থেকে যে সমস্ত কলেজ শিক্ষক পেনশনারগণ যে পেনশন পান তাঁদের নভেম্বর মাসের পেনশন থেকে একটি বড় অঙ্কের টাকা কেটে নেওয়া হয়েছে। ট্রেজারিগুলি থেকে বলা হয়েছে ২০১৬ সালের জুলাই মাস থেকে পেনশনারদের জন্য যে ৮% Interim Relief দেওয়া হয়েছিল, তা কলেজ শিক্ষক পেনশনাররা পাবেন না। তাই এভাবে কয়েকটি কিস্তিতে প্রদেয় টাকা ফেরৎ নেওয়া হবে। আমরা এই সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ ও নিন্দা করছি। তাছাড়া, এই Interim Relief যদি কলেজ শিক্ষক পেনশনারদের প্রাপ্য না হয়, তাহলে সেই সিদ্ধান্ত নিতে ১৬ মাস সময় নিলেন আর এই দীর্ঘ-সূত্রতার ফলভোগ করতে হচ্ছে পেনশনারদের। অধ্যাপক সমিতি মনে করে সরকার এই অর্থ আগামী Pension Revision এর সময় Adjust করতে পারতো। তা না করে প্রবীন শিক্ষকদের প্রাপ্য অর্থ থেকে এই ভাবে টাকা কেটে নেওয়ার সিদ্ধান্ত অমানবিক। আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদ সহ



(শ্রুতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০